

# জকসু: ছাত্রশিবিরের ‘অদম্য জবিয়ান এক্স’ প্যানেল ঘোষণা

প্রতিনিধি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

: মঙ্গলবার, ১৮ নভেম্বর ২০২৫



জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (জকসু) নির্বাচনকে সামনে রেখে ইসলামী ছাত্রশিবিরের সমর্থনে ‘অদম্য জবিয়ান এক্স’ নামে ২১ সদস্যের একটি প্যানেল ঘোষণা করা হয়েছে।

মঙ্গলবার (১৮ নভেম্বর) এক সংবাদ সম্মেলনে এই প্যানেল আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়। এসময় কেন্দ্রীয় শিবিরের সেক্রেটারি জেনারেল নুরুল ইসলাম সাদাম উপস্থিত ছিলেন

ঘোষিত প্যানেলে সহ-সভাপতি (ভিপি) প্রার্থী শাখা ছাত্রশিবিরের সভাপতি রিয়াজুল ইসলাম, সাধারণ সম্পাদক (জিএস) পদে মনোনীত হয়েছেন শাখা শিবিরের সেক্রেটারি আব্দুল আলিম আরিফ এবং সহ-সাধারণ

সম্পাদক (এজিএস) পদে লড়বেন আপ বাংলাদেশের সংগঠক মাসুদ  
রানা।

মুক্তিযুদ্ধ ও গণতন্ত্র সম্পাদক পদে নূরনবী, শিক্ষা ও গবেষণা সম্পাদক  
পদে ইব্রাহিম খলিল, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক পদে সুখীমন খাতুন,  
স্বাস্থ্য ও পরিবেশ সম্পাদক পদে নূর মোহাম্মদ, আইন ও মানবাধিকার  
সম্পাদক পদে লড়বেন হাবিব মু. ফারুক আজম।

আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক পদে নওশীন নাওয়ার জয়া, সাহিত্য ও  
সংস্কৃতি সম্পাদক পদে নাহিদ হাসান রাসেল, ক্রীড়া সম্পাদক পদে  
জর্জিস আনোয়ার নাট্টম, পরিবহন সম্পাদক হিসেবে মনোনীত হয়েছেন  
তাওহীদুল ইসলাম, সমাজসেবা ও শিক্ষার্থীকল্যাণ সম্পাদক পদে  
মোস্তাফিজুর রহমান, পাঠাগার ও সেমিনার সম্পাদক পদে লড়বেন মো.  
সোহাগ আহমেদ।

প্যানেলের নির্বাহী সদস্য পদে নির্বাচন করবেন শান্তা আক্তার, সালেম  
হোসেন সিয়াম, ফাতেমা আক্তার অওরিন, আকিব হাসান, কাজী আরিফ,  
মেহেদি হাসান এবং আব্দুল্লাহ আল ফারুক।